

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.brdb.gov.bd

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.২০৬.১৮.০০২.১৮.৫৮

তারিখ: ১০ বৈশাখ ১৪২৬

২৩ এপ্রিল ২০১৯

বিষয়: সিম ট্র্যাকিংয়ের মাধ্যমে কর্মস্থলে অনুপস্থিতির কারণে ০১ (এক) দিনের বেতন কর্তন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে গত ০৭/০৩/২০১৯ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় বিআরডিবি থেকে সরবরাহকৃত বাংলালিংক কর্পোরেট মোবাইল সিম ট্র্যাকিংয়ের মাধ্যমে দেখা যায় বরিশাল জেলায় বিআরডিবি'র ১১ (এগার) জন কর্মকর্তা বিআরডিবি থেকে সরবরাহকৃত বাংলালিংক কর্পোরেট সিম ব্যবহার করছেননা এবং কেউ কেউ অনুমোদন ব্যতিরেকে কর্মস্থলের বাহিরে অবস্থান করছেন (তালিকা সংযুক্ত)। যথাসময়ে কর্মস্থলে উপস্থিতি ও সার্বক্ষণিক কর্মস্থলে অবস্থান নিশ্চিতকরণের নিমিত্ত ইতঃপূর্বে বিআরডিবি'র স্মারক নং ৯৩৫৮, তারিখঃ ০৭-১২-১৫ খ্রিঃ ও স্মারক নং ৪৫৬, তারিখ ৩০-০১-২০১৮ খ্রিঃ মূলে নির্দেশনা প্রদান করা হলেও উক্ত নির্দেশনা অনুসরণ করা হচ্ছে না, যা চাকুরি শৃঙ্খলার সম্পূর্ণ পরিপন্থী। এতে জেলার কর্মকর্তা/কর্মচারীদের শৃঙ্খলা রক্ষায় নিয়ন্ত্রণকারী কর্মকর্তার দুর্বল তদারকি প্রতীয়মান হয়।

এমতাবস্থায়, ০৭/০৩/২০১৯ খ্রিঃ তারিখে যে সকল কর্মকর্তা/কর্মচারী অননুমোদিতভাবে কর্মস্থলের বাহিরে অবস্থান করেছেন এবং কর্পোরেট সিম ব্যবহার করছেন না তাঁদের ০১ (এক) দিনের বেতন কর্তনপূর্বক সদর দপ্তরকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।



২৩-৪-২০১৯

মোহাম্মদ রফিকুল ইসলাম
উপপরিচালক (প্রশাসন)

উপপরিচালক, বিআরডিবি, জেলা দপ্তর, বরিশাল।

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.২০৬.১৮.০০২.১৮.৫৮/১(৬)

তারিখ: ১০ বৈশাখ ১৪২৬

২৩ এপ্রিল ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ২) উপপরিচালক (হিসাব/নিরীক্ষা), বিআরডিবি, ঢাকা।
- ৩) উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হ'ল)।




২৩-৪-২০১৯


মোহাম্মদ আবদুল কাদের আমিন
সহকারী পরিচালক

বরিশাল জেলার কর্মকর্তা/কর্মচারীর সিম ট্র্যাকিং তালিকাঃ

ক্রঃ নং	নাম ও পদবি	কর্মস্থল	মন্তব্য
০১	মোঃ মঈন উদ্দিন এআরডিও	বরিশাল সদর	১২ এপ্রিল ২০১৮ খ্রিঃ এর পর সিম ব্যবহৃত হচ্ছে না
০২	জনাব শাকীর আহমেদ সুজন হিসাবরক্ষক	বরিশাল সদর	১২ এপ্রিল ২০১৮ খ্রিঃ এর পর সিম ব্যবহৃত হচ্ছে না
০৩	মোঃ মাহবুবুল কবির ইউআরডিও	বাবুগঞ্জ	১২ এপ্রিল ২০১৮ খ্রিঃ এর পর সিম ব্যবহৃত হচ্ছে না
০৪	মোঃ আবদুস সালাম হাওলাদার এআরডিও	বাবুগঞ্জ	১২ এপ্রিল ২০১৮ খ্রিঃ এর পর সিম ব্যবহৃত হচ্ছে না
০৫	মোঃ জাহিদ হাসান হিসাব রক্ষক	বাবুগঞ্জ	গৌরনদী উপজেলায় অবস্থান (কর্মস্থলের বাহিরে অবস্থান)
০৬	পারভেজ আলম এআরডিও	মেহেদিগঞ্জ	সিম ব্যবহৃত হচ্ছে না
০৭	মোঃ শাহাদাত হোসেন এআরডিও	মুলাদি	সিম ব্যবহৃত হচ্ছে না
০৮	দিলীপ কান্তি নন্দী এআরডিও	আগৈলঝাড়া	১৪ জুন ২০১৬ খ্রিঃ এর পর সিম ব্যবহৃত হচ্ছে না
০৯	মোঃ রেজাউল করিম হিসাব রক্ষক	আগৈলঝাড়া	সিম ব্যবহৃত হচ্ছে না
১০	কান্তা রানী দত্ত এআরডিও	উজিরপুর	১২ এপ্রিল ২০১৮ খ্রিঃ এর পর সিম ব্যবহৃত হচ্ছে না
১১	মোঃ অলি খান হিসাব রক্ষক	বাকেরগঞ্জ	বরিশাল সদর অবস্থান (কর্মস্থলের বাহিরে অবস্থান)


৭/৩/১৮

মোহাম্মদ আবদুল কাদের আমিন
সহকারী পরিচালক (পার্সোনেল-৪)
বিআরডিবি, ঢাকা।


০৭.০৩.১৮